Department OF Bengali, Gour Mahavidyalaya

P - I (1+1+1) H / 18 (N)

2018

# BENGALI (Honours)

Paper Code : I-A

[New Syllabus]

Full Marks : 20 Time : Thirty Minutes

## *Important Instructions for* OMR Sheet

1. Write / Fill your correct Subject Name, Subject Code & Paper Code in the space provided on the top of the OMR sheet (Subject Codes are given on the back of the OMR sheet & Paper Code in the Question Paper.)
2. Write / Fill your Name, Roll number, Registration number, Regn. Session, Exam Date and Exam Session in the space provided on the OMR Sheet.
3. Each item has four alternative responses marked (A), (B), (C) and (D). You have to darken the circle as indicated below on the correct response against each item.
4. Your responses to the items are to be indicated in the OMR Sheet **given inside the Paper Booklet only.** If you mark at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
5. If you write your Phone Number in the OMR Sheet or use abusive language or employ any other unfair means, you will render yourself liable to disqualification.
6. You have to return the OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall.
7. **Use only Blue/Black Ball point pen. Use of any mobile phone, calculator or log table etc. in examination hall, is prohibited.**

## OMR Sheet-এর জন্য জরুরী নির্দেশাবলী

১। OMR Sheet এর নির্দেশিত স্থানে সঠিক Subject Name, Subject Code এবং Paper Code লিখতে/পূরণ করতে হবে। OMR Sheet এর পিছনের পাতায় Subject Code গুলি দেওয়া আছে এবং Paper Code টি প্রশ্নপত্রে উল্লেখ আছে।

২। OMR Sheet এর নির্দেশিত স্থানে Name, Roll number, Registration number, Regn. Session, Exam date এবং Exam Session লিখতে/পূরণ করতে হবে।

৩। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে সঠিক উত্তরের গোল ঘরটি নীল/কালো কালিতে পূরণ করতে হবে।

৪। সঠিক উত্তর কেবলমাত্র উত্তর পত্র অর্থাৎ OMR Sheet-এর নির্দিষ্ট স্থানে গোল ঘর পূরণ করেই দিতে হবে। অন্য কোনো উপায়ে দেওয়া উত্তরের মূল্যায়ন হবে না।

৫। পরীক্ষার্থীর ফোন নম্বর OMR Sheet এর কোনো অংশে লেখা যাবে না। কোনোরূপ অবাঞ্ছিত শব্দ লেখা বা দুর্নীতির আশ্রয় নিলে পরীক্ষার্থী নিজেই তার জন্য দায়ী থাকবে।

৬। পরীক্ষা শেষে উত্তর পত্র (OMR Sheet) সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কের নিকট জমা দিয়ে পরীক্ষা কেন্দ্রের বাইরে বেরোতে হবে এবং কোনোভাবেই পরীক্ষা কেন্দ্রের বাইরে OMR Sheet টি আনা যাবে না।

৭। **শুধুমাত্র নীল/কালো বল পয়েন্ট কলম ব্যবহার করতে হবে। পরীক্ষাকক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা লগ-টেবিল ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।**

Answer *all* the questions in OMR sheet.
Choose the correct answer.
Each question carries 1 mark.

১। 'শূন্যপুরাণ' গ্রন্থটি কার লেখা?

(A) রূপরাম চক্রবর্তী

(B) রামদাস আদক

(C) ময়ূর ভট্ট

(D) রামাই পণ্ডিত

২। শ্রীকৃষ্ণকীর্তনের ভাষাকে ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় বাংলা ভাষার আদি-মধ্যযুগের আদর্শরূপে গ্রহণ করেছেন, কোন গ্রন্থে?

(A) Origin of Bengali Language

(B) The Bengali Grammar

(C) Origin and Development of Bengali Grammar

(D) Origin and Development of the Bengali Language

৩। বৈষ্ণবকবি বিদ্যাপতির জন্ম-মৃত্যু সালটি হল—

(A) ১৩৮০-১৪৬০ খ্রীঃ

(B) ১৩৮১-১৪৬১ খ্রীঃ

(C) ১৩৮২-১৪৫৫ খ্রীঃ

(D) ১৪৮৬-১৫৩৩ খ্রীঃ

৪। 'দুই কোরে দুই কান্দে বিচ্ছেদ ভাবিয়া।'—পদটির রচয়িতা—

(A) বিদ্যাপতি

(B) চণ্ডীদাস

(C) গোবিন্দদাস

(D) বলরাম দাস



৫। 'চৈতন্যচন্দ্রোদয়' নাটকটি রচিত হয়—

(A) ষোড়শ শতকের তৃতীয় পাদের শেষভাগে।

(B) ষোড়শ শতকের প্রথম পাদের মধ্যভাগে।

(C) পঞ্চম শতকে

(D) ষোড়শ শতকে

৬। বাংলা ভাষায় প্রথম চৈতন্য জীবনী—

(A) চৈতন্যচরিতামৃত

(B) চৈতন্যভাগবত

(C) শ্রীগৌরলীলামৃত

(D) চৈতন্যচন্দ্রোদয়

৭। 'বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস' সমালোচনামূলক গ্রন্থটির লেখক—

(A) সুকুমার সেন

(B) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

(C) আশুতোষ ভট্টাচার্য

(D) অসিত বন্দ্যোপাধ্যায়

৮। 'সমাচার চন্দ্রিকা' পত্রিকাটির প্রকাশকাল—

(A) ১৮২১ সালে

(B) ১৮২২ সালে

(C) ১৮২৩ সালে

(D) ১৮২৪ সালে।

Department OF Bengali, Gour Mahavidyalaya

৯। 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক ছিলেন—

(A) ঈশ্বরগুপ্ত

(B) ভূদেব মুখোপাধ্যায়

(C) দেবেন্দ্রনাথ ঠাকুর

(D) প্যারীচাঁদ মিত্র

১০। 'চিন্তাতরঙ্গিনী' কাব্যগ্রন্থটির লেখক—

(A) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

(B) মধুসূদন দত্ত

(C) দেবেন্দ্রনাথ ঠাকুর

(D) ভূদেব মুখোপাধ্যায়

১১। 'দ্য ব্রাইড অব লামারমুর'—উপন্যাসটির রচয়িতা—

(A) মিল্টন

(B) ওয়াল্টার স্কট

(C) জর্জ বার্নাডশ

(D) শেলি

১২। 'দ্য কমেডি অব এররস্'-এর প্রথম অভিনয়কাল কত?

(A) ১৫৯১ খ্রীষ্টাব্দ

(B) ১৫৯২ খ্রীষ্টাব্দ

(C) ১৫৯৩ খ্রীষ্টাব্দ

(D) ১৫৯৪ খ্রীষ্টাব্দ

Turn Over



১৩। বাংলা কবিতায় উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ-এর প্রভাব কার উপর সবচাইতে বেশি পড়েছে—

(A) মধুসূদন দত্ত

(B) নজরুল ইসলাম

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) বিহারীলাল চক্রবর্তী

১৪। আজি > আজ—এই পরিবর্তনটি ধ্বনিপরিবর্তনের কোন্ সূত্র দিয়ে ব্যাখ্যা করা যায়?

(A) অপিনিহিতি

(B) অভিশ্রুতি

(C) স্বরসঙ্গতি

(D) সমীভবন

১৫। উদীচ্য, প্রাচ্য, প্রতীচ্য ইত্যাদি বিভাজনগুলি কোন্ স্তরের আর্যভাষায় পরিলক্ষিত হয়?

(A) নব্যভারতীয় আর্যভাষা

(B) প্রাচীন ভারতীয় আর্যভাষা

(C) অন্ত্য-মধ্যভারতীয় আর্যভাষা

(D) আদি-মধ্যভারতীয় আর্যভাষা

১৬। 'কথা ও কাহিনী' কাব্যগ্রন্থের কবি কে?

(A) ঈশ্বরগুপ্ত

(B) জীবনানন্দ দাশ

(C) মধুসূদন দত্ত

(D) রবীন্দ্রনাথ ঠাকুর



Department OF Bengali, Gour Mahavidyalaya

১৭। 'ক্ষণিকা' কাব্যগ্রন্থটির প্রকাশকাল—

(A) ১৯০০

(B) ১৯০১

(C) ১৯০২

(D) ১৯০৩

১৮। 'মিলনরাত্রি' উপন্যাসটির লেখক হলেন—

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) হরপ্রসাদ শাস্ত্রী

(C) রমেশচন্দ্র দত্ত

(D) স্বর্ণকুমারীদেবী

১৯। 'বাংলাভাষা পরিচয়' প্রবন্ধমূলক গ্রন্থটি কার লেখা?

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(C) রমেশচন্দ্র দত্ত

(D) অক্ষয়কুমার দত্ত

২০। 'চাটুজ্জে বাঁড়ুজ্জে' প্রহসনটির রচয়িতা—

(A) গিরিশচন্দ্র ঘোষ

(B) দ্বিজেন্দ্রলাল রায়

(C) অমৃতলাল বসু

(D) মধুসূদন দত্ত

———

*Turn Over*

P - I (1+1+1) H / 18 (N)

2018

# BENGALI (Honours)

## Paper Code : II-B

## [New Syllabus]

Full Marks : 80 Time : Three Hours Thirty Minutes

**দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।**

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। মহাকাব্য কাকে বলে? মহাকাব্য কত প্রকার ও কী কী? যে কোনো একপ্রকার মহাকাব্যের উদাহরণসহ বৈশিষ্ট্যগুলি লেখো। ২+২+৬=১০

অথবা,

সংক্ষিপ্ত আলোচনা করো (দুটি) : ৫×২=১০

শোক কবিতা, আখ্যানকাব্য, গীতিকবিতা, সনেট।

২। অভিসার বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যকৃতিত্ব আলোচনা করে এই পর্যায়ের বিশিষ্টতা দেখাও। ২+১+১২=১৫

অথবা,

"বৈষ্ণব পদাবলী সমুদ্রগামী নদীর ন্যায়"—বিষয়টি যথাযথ উদাহরণ সহযোগে পরিস্ফুট করো। ১৫

৩। আগমনি ও বিজয়া গানে চিত্রিত মা মেনকা যেন বাঙালি ঘরের কন্যা স্নেহাতুরা মা হয়ে উঠেছেন। যথাযথ উদাহরণ দিয়ে বিষয়টি স্পষ্ট করো। ১৫

অথবা,

*Turn Over*



ভক্তের আকৃতিতে শুধু ভক্তিরই কথা নেই; আছে যন্ত্রণাবদ্ধ মানুষের কথাও। কিভাবে এই রূপটি চিত্রিত হয়েছে তা উদাহরণ সহযোগে দেখাও। ২+২+৬=১০

৪। 'গোপীচন্দ্রের গান'-এ তৎকালীন সমাজজীবনের যে নানাদিক চিত্রিত হয়েছে, তা গ্রন্থটি অবলম্বনে আলোচনা করো। ১৫

অথবা,

'গোপীচন্দ্রের গান'-এ মানিকচন্দ্র চরিত্রটি স্বল্প পরিসরেও আপন ব্যক্তিস্বাতন্ত্রে উজ্জ্বল।'—বিষয়টি উদাহরণসহ পরিস্ফুট করো। ১৫

৫। ধ্বনিপ্রধান ছন্দ অন্যান্য কী কী নামে পরিচিত? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ৮

অথবা,

সংজ্ঞা লেখো (দুটি) : ৪×২=৮

লয়, যতি, অতিপর্ব, ত্রিপদী।

৬। ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) সে ছবি আমার নিভৃত মনের রচিত
আকাশ সেখানে হাজার তারায় খচিত।

(খ) তবে একদিন কবে চঞ্চল পবনে লীলায়িত মর্মরমুখর ছায়া
মাধবী বনের হও স্বপনের।

(গ) হে, আদি জননী সিন্ধু বসুন্ধরা সন্তান তোমার
একমাত্র কন্যা তব কোলে তাই তন্দ্রা নাহি আর।

(ঘ) ঐ আসে ঐ অতি ভৈরব হরষে
জলসিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে
ঘন গৌরবে নব যৌবনা বরষা
শ্যাম গম্ভীর সরসা।

৭। দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্দেশ করো (যে কোনো দু'টি) : ৩×২=৬

যমক, বক্রোক্তি, বিভাবনা, অতিশয়োক্তি।

৮। অলংকার নির্ণয় করো (যে কোনো একটি) : ৩×১=৩

(ক) নারী নহ কাব্য তুমি তোমা 'পরে কবির প্রসাদ।
কবির কল্পনামোহে চক্ষে তব ঘনায়েছে ঘোর।

(খ) বঙ্গের নিকুঞ্জবনে,—পিককণ্ঠে আছে মধু জানি,
তা' হ'তে অধিক মধু মঞ্জুবাক্ বঙ্কিমের বাণী।

(গ) অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ,
কোন গুণ নাহি তার কপালে আগুন।